

আমরা বিভাজিত হলে পরাজিত শক্তি জয়ী হবে : জাবি উপাচার্য

জাবি প্রতিলিপি

১৬ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদেরসময়**



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কামরুল আহসান বলেছেন, জুলাই না বাঁচলে আমরা বাঁচব না, এই কথাটি আমাদের বিশ্বাস করতে হবে। আমরা বিভাজিত হলে, পরাজিত শক্তি জয়ী হবে। গত সোমবার রাতে সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন ও ৩৬ জুলাই স্বৈরাচার হাসিনার পতন দিবস উদযাপন-২০২৫ কমিটির সভাপতি অধ্যাপক মো. শামছুল আলমের সভাপতিত্বে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর হলের সামনে ‘জুলাইয়ের শপথ, জাহাঙ্গীরনগর মানেই প্রতিরোধ’ শীর্ষক প্রতিপাদ্যকে সামনে রেখে প্রতিবাদী জমায়েত ও প্রতিবাদী স্মারকস্তুতি স্থাপন অনুষ্ঠানে উপাচার্য এসব কথা বলেন।